দৈনিক
ইনকিলাব

তারিখ 26 APR 2008
পৃষ্ঠা ৪ কলাম ৬

# সকল প্রাথমিক শিক্ষক সংগঠনের মধ্যে ঐক্য স্থাপনের সুপারিশ প্রণয়ন

স্টাফ রিপোর্টার ঃ সকল প্রাথমিক শিক্ষক সংগঠনের মধ্যে ঐক্য স্থাপনের লক্ষ্যে বাংলাদেশ সরকারী প্রাথমিক শিক্ষক ঐক্য বাস্তবায়ন পরিষদ ও বাংলাদেশ গ্রাজুয়েট প্রাথমিক শিক্ষক সমিতির মধ্যে গতকাল এক সংলাপ অনুষ্ঠিত হয়। দীর্ঘ সময়ব্যাপী অনুষ্ঠিত এই সংলাপে উভয়পক্ষের মধ্যে ঐক্যের প্রশ্নে ব্যাপক আলোচনা হয়। সংলাপে শাহিনুর আল-আমিনের নেতৃত্বে ঐক্য বাস্তবায়ন পরিষদের ১০ সদস্যের প্রতিনিধিদলে ছিলেন মোঃ জয়নাল আবেদীন, রিয়াজ পারভেজ, নূরে আলম সিদ্দিকী প্রমুখ। গ্রাজুয়েট প্রাথমিক শিক্ষক সমিতির পক্ষে বদরুল আলমের নেতৃত্বে ১০ সদস্যের প্রতিনিধিদলে ছিলেন মোঃ মজিবুর রহমান, মোঃ হাফিজুল ইসলাম, মোঃ মাহবুবুর রহমান প্রমুখ। নিম্নোক্ত সুপারিশমালার ভিত্তিতে বাংলাদেশ গ্রাজুয়েট প্রাথমিক শিক্ষক সমিতি ঐক্য বাস্তবায়ন পরিষদের উদ্যোগের সাথে একাত্মতা প্রকাশ করে। উল্লেখ্য, আজ ২৬ এপ্রিল আব্দুল আউয়াল তালুকদারের নেতৃত্বাধীন বাংলাদেশ সরকারী প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতির সঙ্গে ঐক্য বাস্তবায়ন পরিষদের সংলাপ অনুষ্ঠিত হবে। অনুষ্ঠিত সংলাপের সুপারিশসমূহ হল- সরকারী প্রাথমিক শিক্ষকদের একটি মাত্র সংগঠন থাকবে; বিদ্যমান সকল প্রাথমিক শিক্ষক সংগঠনের প্রতিনিধিত্বে একটি কেন্দ্রীয় আহ্বায়ক কমিটি গঠন করা হবে; তৃণমূল পর্যায় থেকে গণতান্ত্রিক প্রক্রিয়ায় একটি পূর্ণাঙ্গ কমিটি গঠন করা হবে; কর্মরত শিক্ষক ব্যতীত কেউ কমিটিতে থাকতে পারবেন না; একটি যুগোপযোগী গঠনতন্ত্র প্রণয়ন করা হবে সব সমিতির গঠনতন্ত্র পর্যালোচনা করে।